

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৫৯০

বিশ্রামগঞ্জ, ২৪ অক্টোবর, ২০২৪

সিপাহীজলা জেলাভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযানের উদ্বোধন

সিপাহীজলা জেলাভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান ৭.০ আজ থেকে শুরু হয়েছে। সিপাহীজলা জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত এই অভিযানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত। অভিযানের সূচনা করে সভাপতি বলেন, আজ থেকে ২ সপ্তাহ জেলার সর্বত্র শূন্য থেকে উনিশ বছর বয়স পর্যন্ত শিশু ও কিশোর-কিশোরীদের এই অভিযানের আওতায় আনা হবে। এই অভিযান সফল করতে তিনি স্বাস্থ্যকর্মীদের সহযোগিতা করার জন্য সবার প্রতি আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থশিব জয়সওয়াল, মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. দেবাশিস দাস, জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক, জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা আধিকারিক উত্তম দাস সহ অন্যান্য অতিথিগণ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. দেবাশিস দাস। অনুষ্ঠানে জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল একজন কিশোরকে টিকাকরণ করেন।

\*\*\*\*\*